গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

এপ্রিল ২০২১ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২৩তম সভার) সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা

সভার তারিখ : ২৯/০৪/২০২১ খ্রি.

সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : স্ব-স্ব অবস্থান (জুম এ্যাপস)

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ২৯ এপ্রিল ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২৩তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন । উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২০-২০২১ অর্থ বছরের মার্চ-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**মার্চ ২০২১ আয় অংশ :**<br>(ক) অবশিষ্ট স্থিতি = ৫৬,০৬,৫৩৮/-<br>(খ) সাব রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর =২১,২৯,৯৬৭/-<br>(গ) বাসাবাড়ি হতে আয় = ৭৪,৫৪৪/-<br>(গ) ইউনিয়ন ভূমি অফিস মুদাফরগঞ্জ থেকে প্রাপ্ত = ২,১৭৫/-<br>মোট আয় =৭৭,৮৬,২২৪/-<br>**মার্চ ২০২১ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন =৩০,৮০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫৩৭৫/-<br>(চ) ২১শে ফেব্রুয়ারি উদযাপন বাবদ উত্তোলন = ২০,০০০/-<br>মোট ব্যয়= ১,৮০,১৭৫/-<br><br>অবশিষ্ট স্থিতি = ৭৬,০৬,০৪৯/-<br>(ছিয়াত্তর লক্ষ ছয় হাজার উনপঞ্চাশ টাকা) | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উথাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় মার্চ ২০২১ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | কৃষি অফিস ঃ- উপজেলা কৃষি অফিসার, লাকসাম বলেন, বোরো মৌসুমে লাকসাম উপজেলায় ৮৭০০ হেক্টর ধান চাষ হয়েছে। আমাদের লক্ষ্যমাত্রা ছিল ৮৬০০ হেক্টর। এবছর আমাদের বাম্পার ফলন হয়েছে। কিছু কৃষকের ধান উত্তপ্ত আবহাওয়ার কারণে ছিটা হয়ে গেছে। তাদের ক্ষতি পূরণের জন্য ৫০ জন কৃষকের তালিকা করে জেলায় প্রেরণ করা হয়েছে। বরাদ্দ পেলে তাদেরকে ৫০০০ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হবে। আউশ মৌসুমে ৫৫০৩ হেক্টর চাষ করার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৯০০ জন কৃষককে প্রণোদনা প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>তিনি আরো জানান যে, বোরো ধান ক্রয়ের জন্য একটি অ্যাপস করা হয়েছে। যার মাধ্যমে কৃষকরা অনলাইনে তাদের উৎপাদিত ধান সরকারি মূল্যে বিক্রয়ের জন্য আবেদন করতে পারে। এপর্যন্ত অনলাইনে ২২৫টি আবেদন জমা পড়েছে। সেগুলো অনুমোদন দেওয়া হয়েছে। আবেদনের মেয়াদ আগামী ১০ মে ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে অ্যাপসের মাধ্যমে কৃষক থেকে ধান ক্রয়ের জন্য কৃষকদের নিকট অ্যাপস পরিচিতি সহজীকরণ এবং ধান ক্রয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা কৃষি অফিসার লাকসামকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম<br><br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম |
| ৭.২ | উপজেলা মৎস্য অফিস :<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, লাকসাম বলেন, মৎস্য সেবাকে জরুরী সেবার অন্তর্ভূক্তি করার জন্য সরকারের কাছে আবেদন জানান। তিনি জানান বর্তমান আমিষের ৬৫-৭০% আসে মাছ থেকে। করোনাকালীন সময়ে উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি আরো জানান, আতাকরা ও ইছাপুরা বিলে মাছের রেণু মজুদ করেছি। বর্ষা মৌসুমে আমরা সকল জনপ্রতিনিধিদের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে পোনা বিতরণ করা হবে। এছাড়া বর্তমান উপজেলায় বিভিন্ন ত্রানের সাথে মাছ ও বিতরণ করা যায় কিনা তা জানতে চান। এতে করে মাছ চাষীদের সুবিধা হবে বলে তিনি জানান। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৎস্য অফিসের কার্যক্রম উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৩ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, লাকসাম উপজেলায় গত একমাসে ৪৪৩ জনের মধ্যে ১০৬ জন পজিটিভ। বর্তমানে ১ম ডোজ গ্রহণ ভ্যাকসিন কার্যক্রম বন্ধ রয়েছে। ইউনিয়ন পর্যায়েও ভ্যাকসিন প্রদান কার্যক্রম বন্ধ রয়েছে। শুধু ২য় ডোজ কার্যক্রম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে চলমান রয়েছে। এপর্যন্ত লাকসাম উপজেলায় ১৭,২৯৩ জনকে ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে।<br>রেপিড এন্টিজেন টেস্ট কিট পদ্ধতির মাধ্যমে সহজে আধা ঘন্টার মধ্যে রিপোর্ট আসে। গত সপ্তাহে করোনার প্রকোপ কম ছিল এসপ্তাহে আবার বেড়ে গেছে বলে তিনি জানান। তিনি আরো বলেন এমুহূর্তে আমাদের কোন অক্সিজেনের ঘাটতি নেই এবং আইসোলেশন ওয়ার্ডে কোন রোগী ভর্তি নেই। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চলমান ভ্যাকসিন কার্যক্রম ও অন্যান্য স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,লাকসামকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম |
| | এক্স-রে মেশিন সচল করার ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা পরিষদকে ধন্যবাদ জানান। সে প্রেক্ষিতে এক্স-রে মেশিনটি শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে স্থাপনের প্রয়োজনে একটি এসি বরাদ্দ দেওয়ার জন্য তিনি উপজেলা পরিষদের নিকট অনুরোধ করেন।<br><br>বর্তমানে দেশে ভারতের কোভিড ভ্যারিয়েশন রোগী ধরা পড়েছে। তিনি আরো বলেন, আমাদের আরো সচেতন থাকা ছাড়া আর কোন বিকল্প নেই। তবে আমাদের অক্সিজেন ব্যবস্থা ভালো আছে। সামাজিক দুরত্ব ও মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে শতভাগ। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এক্স-রে মেশিন সচল করার লক্ষ্যে এক্স-রে রুমে একটি এসি দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী লাকসামকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী লাকসাম, কুমিল্লা |
| ৭.৪ | **উপজেলা প্রকৌশলী ঃ**<br>ক) চলতি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ১ম থেকে ৪র্থ কিস্তি পর্যন্ত মোট উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ ৮০,৩০,০০০.০০ টাকা ও রাজস্ব তহবিল হতে উন্নয়ন খাতে স্থানান্তরিত ১,৮৯,০০,০০০.০০ টাকা অর্থাৎ সর্বমোট উন্নয়ন বাবদ বরাদ্দ = ২,৬৯,৩০,০০০.০০ টাকা মাত্র।<br>প্রাপ্ত বরাদ্দের মধ্যে ইতোমধ্যেই ২,৪৪,৬৬,৯১৫.০০ টাকার স্কিম গ্রহণ করা হয়েছে। এছাড়া ১ম পর্যায়ে গৃহিত প্রকল্পের মধ্যে গোবিন্দপুর ইউনিয়নের ইছাপুরাস্থ সামাজিক অবকাঠামো (মাস্টার মার্কেট মসজিদ) উন্নয়ন কাজে ১,০০,০০০.০০ টাকা অব্যয়িত রয়েছে। প্রাপ্ত বরাদ্দ ও গৃহিত স্কিম বিবেচনায় (২,৬৯,৩০,০০০.০০-<br>২,৪৪,৬৬,৯১৫.০০+১,০০,০০০.০০) =<br>২৫,৬৩,০৮৫.০০ টাকার উন্নয়ন কাজ | ক) প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত (পরিশিষ্ট-খ তে সংযুক্ত) স্কিমসমূহ সংশ্লিষ্ট স্কিমের বিপরীতে উল্লিখিত পদ্ধতি ও ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হলো। বর্ণিত স্কিমসমূহের প্রাক্কলন, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও পিআইসি কমিটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>৩। উপজেলা প্রকৌশলী লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ/বিভিন্ন দপ্তর হতে স্কিম দাখিল করেন যা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাস্তবায়নের সুপারিশ করা হয়েছে। অর্থ বিভাগের ২৬.০৪.২১ ইং তারিখের পরিপত্র বিবেচনায় অদ্যকার সভায় স্কিমসমূহ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে।<br><br>খ) অত্র দপ্তরের স্টোরে ৬টি হুইল চেয়ার ও ১০টি স্ট্রেচার সংরক্ষিত আছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার চাহিদা অনুযায়ী ০৪টি হুইল চেয়ার ও ৪টি স্ট্রেচার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রদানে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | খ) ০৪টি হুইল চেয়ার ও ৪টি স্ট্রেচার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রদান এবং অবশিষ্ট ২টি হুইল চেয়ার ও ৬টি স্ট্রেচার উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদনের প্রেক্ষিতে প্রকৃত উপকারভোগীদের নিকট বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী লাকসাম |
| ৭.৫ | **উপজেলা বিআরডিবি অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম বলেন করোনা কালে জেলার নির্দেশনা অনুযায়ী পেশাজীবী দল গঠন করা হয়েছে। তাদেরকে আমরা উদ্যোক্তা ঋণ হিসেবে ৫০ হাজার টাকা থেকে ৫ লক্ষ টাকা দিতে পারবো। সেই লক্ষ্যে জেলাতে ১০ জনের তালিকা পাঠানো হয়েছে। দুই বছরের মধ্যে এই ঋণ পরিশোধের সুযোগ থাকবে। ৬ মাস তার অবকাশ পাবে। জেলা থেকে ৩০ লক্ষ টাকা বরাদ্দ চেয়েছি। এছাড়া খেলাপি ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে এবং সঠিক উপকারভোগী নির্বাচন করত: ঋণ বিতরণ করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম |
| ৭.৬ | **উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা অফিসার লাকসাম বলেন, উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম নিয়ম অনুসারে স্বাভাবিকভাবে চলমান রয়েছে। শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা এখনো আসেনি। আমরা নো অবজেকশন দিয়ে রেখেছি। এছাড়া প্রধান শিক্ষকদের পৃথক কক্ষের তালিকা চেয়েছে। আমাদের প্রধান শিক্ষকদের কোন পৃথক কক্ষ নেই। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে বলা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম। |
| ৭.৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন এসাইনমেন্টসহ শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। ৩৩৯৯জন দরিদ্র শিক্ষার্থীর উপবৃত্তির জন্য ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন হয়েছে। দরিদ্র শিক্ষার্থীর উপবৃত্তি মনিটরিং এর জন্য ঢাকা থেকে টিম এসেছে তারা যোগ্য শিক্ষার্থীদের সিলেকশন দিয়ে থাকবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.৮ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বলেন লাকসাম উপজেলায় সামাজিক নিরাপত্তা কর্মসূচীর বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীরদের ১৪৩৫৯ জনের ডাটার মধ্যে ১৪৩৩৩টি ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। মাত্র ২৬ টি ডাটা এন্ট্রি বাকী আছে। আগামী সপ্তাহের মধ্যে তা সম্পন্ন হবে বলে জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার লাকসাম, |
| | তিনি আরো বলে, এখন থেকে ভাতার টাকা ভাতাভোগীর মোবাইলে চলে যাবে। এপর্যন্ত ১২১১৪ জন ভাতাভোগীর নগদ একাউন্ট সম্পন্ন হয়েছে। যাদের একাউন্ট হয় নাই তাদের টাকা একাউন্ট না হওয়া পর্যন্ত পাবে না। ২২৪৫ জন ভাতাভোগীর একাউন্ট খোলা বাকী রয়েছে। তার মধ্যে পৌরসভায় ৪৪২ জন এবং ইউনিয়ন গুলোতে কিছু কিছু বাকী রয়েছে। পৌরসভার মেয়র ও ইউনিয়ন চেয়ারম্যানদের ভাতাভোগীর একাউন্ট খোলার ব্যাপারে সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে যেসকল ভাতাভোগীর নগদ একাউন্ট সম্পন্ন হয় নাই ইউনিয়ন ভিত্তিক তালিকা করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে দ্রুত নগদ একাউন্ট সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সমাজসেবা অফিসার লাকসামকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার লাকসাম,<br>২। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ |
| ৭.৯ | **ইসলামিক ফাউন্ডেশন ঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন লাকসাম বলেন, ঈদের নামাজ আদায়ে সরকারি নির্দেশনা এসেছে ঈদগাহে পড়া যাবে না। স্বাস্থ্য বিধি মেনে মসজিদেই পড়তে হবে। সরকারি যাকাত ফান্ডে যাকাত প্রদানের জন্য সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনার আলোকে ঈদের জামায়াত মসজিদে আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন লাকসাম। |
| ৭.১০ | **উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, কোভিড-১৯ পরিস্থিতিতে ও বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ সেবা প্রদানে স্বাস্থ্য বিভাগকে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে সার্বিক সহযোগিতা অব্যাহত রয়েছে। জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে কুমিল্লা জেলার লাকসাম মডেল হিসাবে কার্যক্রম অব্যহত রেখেছে । এ লক্ষে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ জন্ম মৃত্যু নিবন্ধন সাপোর্ট গ্রুপ (পরিবার পরিকল্পনা) লাকসাম এর মাধ্যমে সার্বিক গতিশীল কার্যক্রম অব্যাহত রেখেছে । এ কার্যক্রম আরো গতিশীল করার লক্ষে কেন্দ্রে জন্ম নেওয়া নবজাতকের নিবন্ধনটি গ্রুপে আপলোড এবং নবজাতক/পিতামাতাকে বিশেষ পুরস্কার প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সচিবদেরকে অনুরোধ করেন । | সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম-মৃত্যু নিবন্ধন সাপোর্ট গ্রুপে নবজাতকের জন্য নিবন্ধন আপলোড ও পুরস্কারের বিষয়টি চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ/সচিব (সকল) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়। | ১। পরিবার পরিকল্পনা কর্মকর্তা,লাকসাম<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| ৭.১১ | **জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরঃ** উপসহকারী প্রকৌশলী, লাকসাম জানান লাকসাম উপজেলায় ২০২০-২১ অর্থবছরে ১১টি হাতধোয়ার বেসিন স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে স্থাপিত বেসিনগুলো অধিকাংশ রক্ষণাবেক্ষণের অভাবে ব্যবহার অনুপযোগী হয়ে পড়ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ব্যবহার অনুপযোগী বেসিনগুলোকে ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসামকে বলা হয়। | ১। উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম |
| ৭.১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :<br>ক) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৫,৫১,৪৪৬/৬৯ টাকার বিপরীতে গৃহীত ৯টি প্রকল্পের এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা)কর্মসূচির নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় বরাদ্দ প্রাপ্ত ৩৫,৯৩,৭৬১/- টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ১৩টি প্রকল্পের ১০০% কাজ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । | ক ১০০% কাজ সম্পন্ন প্রকল্প সমূহের চূড়ান্ত মাপ গ্রহন করে শেষ কিস্তিতে টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | খ) ২০২০-২০২১অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-১ম পর্যায় নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে ০৮টি ইউনিয়নে গৃহীত ২৭টি প্রকল্পের এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর)কর্মসূচির নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৪,৭৮,৮৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ৩৬টি প্রকল্পের ১০০% কাজ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । | খ) ১০০% কাজ সম্পন্ন প্রকল্প সমূহের চূড়ান্ত মাপ গ্রহন করে শেষ কিস্তিতে টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | গ) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৮,৭৪,২৬১/৭৯ টাকার বিপরীতে গৃহীত ১০টি প্রকল্পের ৮০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৬,৩৯,৯৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৪টি প্রকল্পের ৭৫% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | গ) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির উপজেলা পরিষদওয়ারী এবং নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | ঘ) ২০২০-২০২১অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-২য় পর্যায় নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে গৃহীত ২৬টি প্রকল্পের ৯০% এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৪,৭৮,৮৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ৩২টি প্রকল্পের কাজ ইতোমধ্যে ৮০% সম্পন্ন করা হয়েছে। | ঘ) পরিষদওয়ারী এবং নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঙ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৬টি ব্রীজ নির্মাণ কাজের জন্য ২,৭৮,৬০,২৩০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। গৃহীত প্রকল্প সমূহের মধ্যে ১৫টি প্রকল্পের ১০০% কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০১টি ব্রীজের নির্মাণ কাজ শুরু করা হয়েছে। | ঙ) ১০০% সম্পন্ন ১৫টি ব্রীজের নির্মাণ কাজের চূড়ান্ত মাপ গ্রহণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লাকসামকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লাকসাম।<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান । |
| | চ) ২০২০-২০২১ অর্থবছরে দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি-২য় পর্যায় ) - ১৭৬৫টি শ্রমিক কার্ডেও বিপরীতে ১,৪০,২০,০০০/-টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে।০৮টি ইউনিয়ন ১,৪০.২০,০০০/-টাকার বিপরীতে গৃহীত ৩৯টি প্রকল্পের তালিকা জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় হতে অনুমোদন পূর্বক বরাদ্দ পত্র জারী করেন । গহীত প্রকল্প সমূহের ২০%কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে । | গৃহীত প্রকল্পসমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **উত্তরদা ইউপি সংক্রান্ত আলোচনা :** চেয়ারম্যান, উত্তরদা ইউনিয়ন পরিষদ বলেন, উত্তরদা ইউনিয়ন পরিষদে কোন নরমাল ডেলিভারী হয় না। এজন্য তিনি পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসামের দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে উত্তরদা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে নরমাল ডেলিভারী করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসামকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম |
| ৮.২ | **মুদাফরগঞ্জ উ: ইউপি সংক্রান্ত আলোচনা** চেয়ারম্যান মুদাফরগঞ্জ উ: ইউনিয়ন পরিষদ বলেন, মুদাফরগঞ্জ উত্তর ইউপিতে বিভিন্ন ভাতাভোগীর কতটি নগদ একাউন্ট সম্পন্ন করা বাকী আছে তা জানতে সমাজসেবা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিক আছে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে নগদ একাউন্টের বিষয়ে সমাজসেবা কর্মকর্তা লাকসামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়। | ১। উপজোল সমাজসেবা কর্মকর্তা, লাকসাম<br>২। চেয়ারম্যান, মুদাফরগঞ্জ উত্তর লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৮.৩ | **মুদাফফরগঞ্জ দঃ ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান মুদাফরগঞ্জ দ: ইউনিয়ন পরিষদ বলেন, জিআর বরাদ্দের টাকা ৫০০ টাকা করে ৫০০ জনকে প্রদান করা হয়েছে। এবং ভিজিএফ ৪৫০ টাকা প্রদানের ১০৫৭ জনের তালিকা প্রস্তুত করা হয়েছে। এছাড়া পরিষদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান মুদাফরগঞ্জ দক্ষিণকে অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান, মুদাফরগঞ্জ (দ:) ইউপি, লাকসাম |
| ৮.৪ | **গোবিন্দপুর ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ বলেন, বোরো মৌসুমে কৃষকদের নিকট হতে স্বচ্ছতার সাথে ধান সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রান্তিক পর্যায়ে প্রকৃত কৃষকদের হতে ধান সংগ্রহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম |
| ৮.৫ | **আজগরা ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান আজগরা ইউনিয়ন পরিষদ বলেন, একেক দিন একেক ইউনিয়নে পূর্বে ঘোষণা দিয়ে কৃষকের থেকে ধান কিনলে কৃষকরা সহজেই ধান বিক্রি করতে পারবে। কৃষকদের এই সুযোগ দেওয়ার জন্য তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষকদের ধান সংগ্রহের জন্য কৃষক অ্যাপসের মাধ্যমে আবেদন করতে হয়। কৃষকের অ্যাপস বিষয়ে কৃষকদের মাঝে সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে চেয়ারম্যান আজগরা ইউনিয়ন পরিষদ লাকসামকে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন পরিষদ, লাকসাম |
| ৮.৬ | **লাকসাম পূর্ব ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান লাকসাম পূর্ব ইউনিয়ন পরিষদ বলেন, তার ইউনিয়নে রাস্তার কাজ গুলো চলমান রয়েছে তবে তা খুবই ধীরগতিতে। সামনে বর্ষা মৌসুম আসলে কাজ বন্ধ হয়ে যাবে। তাই তিনি দ্রুত চলমান কাজ সমাপ্ত করার জন্য পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম পূর্ব ইউপিসহ লাকসাম উপজেলায় চলমান সকল রাস্তার প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারদের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, লাকসাম<br>২। সংশ্লিষ্ট ঠিকাদার |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম:** ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ লাকসাম বলেন, উপজেলার বিভিন্ন ইউনিয়নে মূল সড়কের কাছে ২০০/৩০০ মিটার রাস্তার ছোট ছোট প্রকল্পের সংযোগ সড়কের প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন ইউনিয়নের সংযোগ সড়কের ছোট ছোট প্রকল্পগুলো দ্রুত দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| ৯.২ | **উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা বলেন, চলতি রমজান মাসে ব্যবসায়ীরা যাতে খাদ্যে ভেজাল পণ্য না মেশাতে পারে সেজন্য ব্যবসায়ী সমিতির সভাপতিকে অনুরোধ জানান। এছাড়া মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ এবং স্বাস্থ্যবিধি প্রতিপালনের জন্য তিনি গুরুত্বারোপ করেন। নির্দিষ্ট সময় শেষে সরকারী নির্দেশনা মোতাবেক সকল দোকানপাট বন্ধ রাখতে হবে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দোকানপাট খোলা ও কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। সভাপতি, ব্যবসায়ী সমিতি, লাকসাম |
| | ২। মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম কুমিল্লা পৌরসভার আওতাধীন উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন অফিস/ প্রতিষ্ঠান এর নিকট পৌরকর বাবদ ২,০৭,৮০০/- (দুই লক্ষ সাত হাজার আটশত) টাকার বিল দাখিল করেছেন। পৌরকর বাবদ দাখিলকৃত বিল পরিশোধের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিকট পাওনা পৌরকর বাবদ ২,০৭,৮০০/- উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| | ৩। পশ্চিমগাঁও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা উপজেলা পরিষদের মালিকানাধীন ভূমিসমূহের ভূমি উন্নয়ন কর বাবদ ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকার বিল দাখিল করেছেন। ভূমি উন্নয়ন কর বাবদ দাখিলকৃত বিল পরিশোধের বিষয়ে সকলে একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিকট পাওনা ভূমি উন্নয়ন কর বাবদ ৪৮,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| ৯.৩ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ সভা, বর্তমান কোভিড -১৯ পরিস্থিতি খারাপের দিকে। সামনে হয়তো আরো ভয়াবহ পরিস্থিতি আমাদেরকে মোকাবেলা করতে হবে। তাই সরকার যে সময় যে নির্দেশনা দিবে আমাদের সকলকে সে নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলার কোভিড-১৯ পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলে একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। কর্মকর্তা (সকল)<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো জানান, চলতি অর্থ বছর শেষের দিকে। উন্নয়ন প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন। উন্নয়ন কার্যক্রম যাতে টেকসই হয় এবং এ ব্যাপারে যাতে কোন অভিযোগ না আসে সেজন্য তিনি সংশ্লিষ্ট ঠিকাদারদের নির্দেশনা প্রদান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উন্নয়ন প্রকল্পগুলো টেকসই ও দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী লাকসাম<br>২। সংশ্লিষ্ট ঠিকাদার, লাকসাম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২১- ৬২৩

তারিখঃ ১৬ বৈশাখ ১৪২৮
২৯ এপ্রিল ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, .......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। অফিস কপি।

২৯/৪/২১
( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।